পরিচালকের কার্যালয়
Director's Office

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University

বাউবি/এসএসএস/বিএ/বিএসএস/এলএলবি(অনার্স)/এমএ,এমএসএস/ভর্তি বিজ্ঞপ্তি/৩০/(০৩)/২২/১৬৯৭ তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ২৮ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

আইসিটি হেড
আইসিটি এন্ড ই-লার্নিং সেন্টার
বাউবি।

বিষয় ঃ ০৪ বছর মেয়াদি বিএ এবং বিএসএস (অনার্স) শিক্ষাবর্ষঃ ২০২৪-২০২৫ প্রোগ্রামের ১ম সিমেস্টারে অপেক্ষমান তালিকা থেকে নির্বাচিত শিক্ষার্থীদের অন-লাইন এ ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার ক্ষেত্রে osaps ব্যবহার সংক্রান্ত নির্দেশনা প্রসংগে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ০৪ বছর মেয়াদি বিএ এবং বিএসএস (অনার্স) শিক্ষাবর্ষঃ ২০২৪-২০২৫ প্রোগ্রামের ১ম সিমেস্টারে শিক্ষার্থীদের অন-লাইন-এ ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার ক্ষেত্রে নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণ করে ২৮-০৭-২০২৫ থেকে ০৭-০৮-২০২৫ তারিখের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

- চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীগণ https://osapsnew.bou.ac.bd-তে লাগ-ইন করে Course Enrollment এর কাজ সম্পন্ন করা যাবে। এ ক্ষেত্রে ৭,৩১০/-(সাত হাজার তিনশত দশ) টাকা জমা দেওয়া যাবে বিকাশ মার্চেন্ট নম্বর থেকে।
- ভর্তি কার্যক্রম সম্পন্ন করার ক্ষেত্রে ভর্তি ফি'সহ বিভিন্ন মাধ্যমের পেমেন্ট চার্জ সংশ্লিষ্ট শিক্ষার্থী বহন করবে।
- নির্বাচিত তালিকায় অন্তর্ভূক্ত আবেদনকারীগণের সকল একাডেমিক সনদপত্র যাচাই করে যদি ভর্তির জন্য যোগ্য বিবেচিত হন সে ক্ষেত্রে তাদের ভর্তি সম্পন্ন করা যাবে। নির্বাচিত তালিকায় অন্তর্ভূক্ত আবেদনকারীগণের সকল একাডেমিক সনদপত্র যাচাই করে যদি ভর্তির জন্য যোগ্য বিবেচিত হন। সে ক্ষেত্রে তাদের ভর্তি সম্পন্ন করা যাবে। ভর্তির যোগ্যতা হিসেবে মানবিক শাখা: বাংলা ভাষা ও সাহিত্য, ইতিহাস, দর্শন ও ইসলামিক স্টাডিজ বিষয়ে ভর্তির জন্য এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ বা ২.৫০ জিপিএ (জিপিএ-৫.০০ মানে ) ২.০০ জি.পি.এ ৪.০০ এর মানে থাকতে হবে। সকল শাখার শিক্ষার্থীরা ভর্তি হতে পারবে।

  সামাজিক বিজ্ঞান শাখা: রাষ্ট্রবিজ্ঞান ও সমাজতত্ত্ব বিষয়ে ভর্তির জন্য এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় ৫০% নম্বরসহ ২য় বিভাগ বা ২.৭৫ জিপিএ (জি.পি.এ- ৫.০০ মানে ও ২.২০ জি.পি.এ-৪.০০)-এর মানে থাকতে হবে।
- ভর্তির সময় ভর্তি কর্মকর্তাকে সকল মূল সনদপত্র, নম্বরপত্র দেখাতে হবে (যা তাৎক্ষনিক ফেরৎ যোগ্য) একই সংগে সকল মূল সনদপত্র, নম্বরপত্র, জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন এর সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে (যা অফেরত যোগ্য এবং সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে জমা থাকবে)।
- সনদপত্র সম্পর্কে ভর্তি কর্মকর্তা কর্তৃক নিশ্চিত না হয়ে অনলাইনে কোর্স ফি জমা প্রদান করলে তার দায়িত্ব সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বহন করতে হবে।
- আপনার ব্রাউজারে https://osapsnew.bou.ac.bd লিখে Enter করুন +Login এ ক্লিক করুন+ User ID Password নিয়ে প্রবেশ করুন +Menu তে Student Service এ গিয়ে Course Enrollment এ ক্লিক করে পরবর্তী ধাপসমূহ সম্পন্ন করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবেন।
- অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর পেমেন্ট সংক্রান্ত তথ্য যেমন ঃ ট্রানজেকশন আইডি, একাউন্ট নম্বর, টাকার পরিমাণ, তারিখ ইত্যাদি সংরক্ষণ করবেন।
- প্রোফাইল, ট্রানজেকশন হিস্ট্রিসহ রেজিস্ট্রেশনকৃত কোর্সসমূহের প্রিন্ট কপি সংরক্ষণ করুন এবং সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে জমা দিন।
- ভর্তির আবেদনপত্রে প্রদত্ত তথ্যাবলী মিথ্যা ও সংযুক্ত কাগজপত্র ভুয়া প্রমাণিত হলে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন/ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- অনলাইনে ভর্তি সংক্রান্ত আপনার যেকোনো পরামর্শ/অভিযোগের জন্য osaps এর হেল্প লাইন নম্বরে কল করে অবহিত করুন। osaps-এর হেল্প লাইন নম্বর ঃ ০১৬১৮-৯৭৭২৩৭, ০১৯০৭-৪৫১৬১২ (সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত, রবিবার থেকে শুক্রবার)।

বর্ণিত নির্দেশনা সমূহ অনুসরণ করে সুষ্ঠ ও সুন্দরভাবে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদসহ,
২৮/০৭/২০২৫
নাজমুন নাহার টিপু
যুগ্ম-পরিচালক
স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ
বাউবি, গাজীপুর-১৭০৫।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কম্পিউটার বিভাগ
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়
ডায়েরী নং: ৩৩০৪
তারিখ: ২৮/৭/২৫
সিস্টেম এনালিস্ট/ডেপুটি সিস্টেম এনালিস্ট/ওয়েব মাস্টার/
সহঃসিঃ প্রোগ্রামার/ASANA
সহঃ সিস্টেম এনালিস্ট/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/HME
সহঃ প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার/AHME

অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১) রেজিস্ট্রার, বাউবি।
২) ডিন,এসএসএইচএল, বাউবি।
৩) পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি। বিষয়টি বাউবির ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৪) আইসিটি হেড,আইসিটি এন্ড ই-লার্নিং সেন্টার, বাউবি।
৫) একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬) সংশ্লিষ্ট নথি।